অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রধান প্রধান বিদ্যুৎ লাইনগুলোতে বিদ্যুৎ বিভ্রাটের কারণে ক্ষতিগ্রস্ত সাবস্টেশনগুলো তদন্ত করার জন্য গভর্নর কুওমো জনসেবা অধিদপ্তর (DEPARTMENT OF PUBLIC SERVICE)-কে নির্দেশ দেন

তীব্র বায়ু প্রবাহের কারণে প্রায় 27,000 গ্রাহক সারারাত বিদ্যুৎ ছাড়াই ছিল

এই এলাকায় তীব্র বায়ু প্রবাহ অতিরিক্ত বিদ্যুৎ বিভ্রাটের কারণ হতে পারে

পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) এর কল সেন্টার হেল্পলাইন পাওয়া যাবে 1-800-342-3377 নম্বরে ফোন করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট জনসেবা অধিদপ্তরকে প্রায় 26,800 গ্রাহক শনিবার রাতে তীব্র বায়ু প্রবাহে বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়ার পর ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রধান প্রধান বিদ্যুৎ লাইনে বিদ্যুৎ বিভ্রাটের কারণে হামবুর্গ শহরের তিনটি ক্ষতিগ্রস্ত সাবস্টেশন তদন্ত করার নির্দেশ দেন। রবিবার বিকেলে প্রায় সব গ্রাহককে বিদ্যুৎ সেবা ফিরিয়ে দেওয়া হয়েছিল, তবে অতিরিক্ত বিদ্যুৎ বিভ্রাট হয়েছে এবং আরো হওয়ার সম্ভাবনা আছে কারণ প্রত্যাশা করা হচ্ছে উক্ত এলাকায় দিনের বাকি অংশে তীব্র বায়ু প্রবাহের পাশাপাশি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অংশে ঘন্টায় 60 মাইলের মতো বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে। অতিরিক্ত বিদ্যুৎ বিভ্রাটের সময় এই অঞ্চলের সেবা ফিরিয়ে দিতে ইউটিলিটিগুলোর পূর্ব প্রস্তুতি নেয়া কর্মীদল রয়েছে।

"আবারো প্রকৃতি মাতা আমাদের আরেকটি পরীক্ষার সম্মুখীন করেছে এবং আমরা অনেক অগ্রগতি অর্জন করেছি, পাশাপাশি আমরা কমিউনিটিগুলোতে বিদ্যুৎ সেবা ফিরিয়ে দিতে এবং ঝড়ের কারণে বিপর্যস্থদের সহায়তা করার জন্য অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করছি", **গভর্নর কুওমো বলেন।** "বিদ্যুৎ বিভ্রাটের সংখ্যা বিবেচনায়, আমি জনসেবা অধিদপ্তরকে ইউটিলিটি কোম্পানিগুলোর প্রস্তুতি ও ঝড়ের সময় সাড়াদান প্রক্রিয়া তদন্তের নির্দেশ দিয়েছি। আমরা আরো নিশ্চিত করেছি যে ইউটিলিটি কোম্পানিগুলো সমগ্র স্টেট থেকে এই অঞ্চলে অতিরিক্ত রিসোর্স মোতায়েন করেছে এবং পুনরুদ্ধার সম্পন্ন না হওয়া পর্যন্ত আমরা জোরেশোরে সাড়াদান প্রক্রিয়া চালিয়ে যাব।"

সপ্তাহান্ত জুড়ে নিউইয়র্কের অধিবাসীদের স্থানীয় আবহাওয়া প্রতিবেদনগুলোর উপর ঘনিষ্ঠ নজর রাখা উচিত। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশ এবং সর্বশেষ পূর্বাভাসের সব খবরাখবরের জন্য, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন।

জনসেবা অধিদপ্তর
জনসেবা অধিদপ্তর ইউটিলিটির ঊর্ধ্বতন নির্বাহকদের সাথে নিয়মিত যোগাযোগ করেছে এবং ইউটিলিটিগুলো

বিদ্যুৎ বিভ্রাট কমাচ্ছে এবং বিদ্যুৎ সেবা ফিরিয়ে আনার কাজ দ্রুতগতিতে করছে তা নিশ্চিত করতে এটি ইউটিলিটির বিপর্যয় পরবর্তী পুনরুদ্ধার প্রচেষ্টা পর্যবেক্ষণ করছে। ভোক্তাদের ঝড় চলাকালীন প্রস্তুতি এবং পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য PSC এর কল সেন্টার হেল্পলাইনে 1-800-342-3377 নম্বরে কল করে যোগাযোগ করা যাবে।

ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation)
ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে 566 জন সুপারভাইজার ও অপারেটর দ্রুত সাড়া প্রদানে সর্বদা প্রস্তুত আছেন। ক্ষতিগ্রস্ত এলাকার সকল আবাসিক স্থানগুলোতে দুর্যোগ চলাকালে এবং পরিষ্কার কাজের সময় 24 ঘণ্টা/7 দিন প্রয়োজনীয় কর্মী মোতায়েন করা হবে। ক্ষতিগ্রস্ত অঞ্চলের আঞ্চলিক কর্মীরা স্টেট হাইওয়েগুলোতে কোনো গাছ পড়া বা বরফ জমার সমস্যা চিহ্নিত করতে সহায়তা করবে।
ওয়েস্টার্ন নিউ ইয়র্কে দুর্যোগ পরবর্তী সাড়াদান প্রক্রিয়ায় প্রয়োজনীয় সব সরঞ্জাম প্রস্তুত রাখা হয়েছে, যার মধ্যে আছে:

- 7 টি চিপার
- 6 টি ট্রাফিক সিগনাল ট্রাক
- 1 টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 5 টি গ্র্যাপল যুক্ত লোডার
- বরফ জমে গেলে তা পরিষ্কার করতে 3 টি লং রিচ এক্সক্যাভেটর

এছাড়া, মোটরচালকদের স্টেটের এই আইন মনে রাখতে বলা হচ্ছে যার দ্বারা কোনো ইন্টারসেকশন যদি "ব্ল্যাকড আউট" হয়ে যায় এবং ট্রাফিক সিগনালটি কাজ না করে, তাহলে ইন্টারসেকশনটি স্বয়ংক্রিয়ভাবে "অল ওয়ে" স্টপ হয়ে যাবে। বন্যা, তার ছিড়ে পড়া বা ধ্বংসাবশেষের জন্য যদি রাস্তাঘাট বন্ধ বা আটকে যায়, মোটরচালকদের সতর্কতার সাথে কাজ করার উপদেশ দেওয়া হচ্ছে এবং সব ট্র্যাফিক সাইন ও ব্যারিকেড মেনে চলতে বলা হচ্ছে এমনকি যদি রাস্তা সাফ মনে হয় তখনো।

স্টেট পুলিশ
আবহাওয়া সংশ্লিষ্ট জরুরি প্রয়োজনে সাড়াদান এবং স্থানীয় আইন প্রয়োগকারী বাহিনীকে সহায়তা করার জন্য ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে প্রয়োজনে অতিরিক্ত কর্মী মোতায়েন করতে স্টেট পুলিশ প্রস্তুত আছে।

যদি আপনি বিদ্যুৎ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন:
- প্রথমে আপনার এলাকার মেরামত কাজের জন্য ইউটিলিটি কোম্পানিকে কল করে সময় ঠিক করে নিন। যখন সেবা পুনরুদ্ধারের কাজ চলে তখন সার্কিটে ওভারলোড রোধ করতে বাতি ও অন্যান্য যন্ত্রপাতি বন্ধ বা আনপ্লাগ করুন। বিদ্যুৎ পুনরুদ্ধার করা হয়েছে তা বুঝতে একটি বাতি জ্বালিয়ে রাখুন। খাদ্যের পচন রোধের জন্য রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা যতটা সম্ভব বন্ধ রাখুন।
- আপনার রেফ্রিজারেটর বা ফ্রিজারে খালি জায়গা থাকলে, প্লাস্টিকের পাত্রগুলোতে পানি ভরে রাখুন তবে প্রতিটিতে এক ইঞ্চি পরিমাণ জায়গা খালি রাখুন। এটি খাদ্য ঠাণ্ডা রাখতে সাহায্য করবে।

যদি আপনার একটি জেনারেটর ব্যবহার করার প্রয়োজন হয়:
- একটি জেনারেটর স্থাপন করার পূর্বে, নিশ্চিত হোন যে তা আপনার ইউটিইলিটির বিদ্যুৎ সেবা থেকে যথাযথভাবে বিচ্ছিন্ন করা হয়েছে। সম্ভব হলে, আপনার জেনারেটর একজন যোগ্য ইলেক্ট্রিশিয়ান দিয়ে

স্থাপন করান। জেনারেটরগুলো বাইরে বাতাসের দিকে মুখ করে চালান। ঘরের ভেতর কখনো জেনারেটর চালাবেন না। জেনারেটর থেকে নির্গত মারাত্মক কার্বন মনোক্সাইড গ্যাস আবদ্ধ স্থানে ছড়িয়ে পড়তে পারে।

- একটি গরম জেনারেটরের উপর ছলকে পড়া জ্বালানি থেকে বিস্ফোরণ হতে পারে। যদি আপনার জেনারেটরে কোনো বিচ্ছিন্ন জ্বালানি ট্যাঙ্ক থাকে তাহলে পুনরায় জ্বালানি ভরার আগে এটি সরিয়ে ফেলুন। এটি সম্ভব না হলে, জেনারেটরটি বন্ধ করুন এবং পুনরায় জ্বালানি ভরার আগে এটিকে ঠাণ্ডা হতে দিন।
- আপনার জেনারেটরের নির্ধারিত ক্ষমতা অতিক্রম করবেন না। সবচেয়ে ছোট, বাড়িতে ব্যবহারযোগ্য বহনযোগ্য জেনারেটর 350 থেকে 12,000 ওয়াট বিদ্যুৎ উৎপাদন করে থাকে। ওভারলোডিং এ আপনার জেনারেটর এবং এর সাথে সংযুক্ত যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হতে পারে এবং আগুন লেগে যেতে পারে। প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করুন।
- শিশুদেরকে সবসময় জেনেরেটর থেকে দূরে রাখুন।

কার্বন মনোক্সাইডের বিষক্রিয়া এড়িয়ে চলুন:

- ঘরের ভেতর জেনারেটর চালাবেন না; মোটর মারাত্মক কার্বন মনোক্সাইড গ্যাস নির্গত করে। ঘরের ভেতর রান্নার কাজে কাঠকয়লা ব্যবহার করবেন না। এটিও কার্বন মনোক্সাইড গ্যাস তৈরির কারণ হতে পারে।
- আপনার বাড়ি গরম করার জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না -- একটি বদ্ধ ঘরে দীর্ঘস্থায়ী গ্যাসের চুলা ব্যবহার করার ফলে কার্বন মনোক্সাইড গ্যাস তৈরি হতে পারে।
- একটি কার্বন মনোক্সাইড এলার্ম স্থাপন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন